গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর।
(dae.rangpurdiv.gov.bd)

কৃষিই সমৃদ্ধি

প্রজ্ঞাপন

স্মারক নং-১২.১৬.৮৫০০.০৩৯.২৭.০৭২.১৩/ ১১৭১(৭) তারিখঃ ০৩/১০/২০২৪খ্রি.

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর দপ্তর স্মারক নং-১৪২১, তারিখ-০৪/১০/২০২২ খ্রি. মোতাবেক কর্তৃপক্ষের বিনানুমতিতে দীর্ঘ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকেন, কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে অনুপস্থিতির দিন হাজিরা খাতায় স্বাক্ষর করেন এবং উল্লিখিত কারণে একাধিক কৈফিয়ত তলব করলে তার জবাব দাখিল করেননি।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। উল্লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে অত্র দপ্তর স্মারক নং ১৪৮৬(৩), তারিখ- ২৮/১১/২০২২ খ্রি. মোতাবেক আপনাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা রুজ্জু করে ১ম কারণ দর্শানোর নোটিশসহ অভিযোগ বিবরণী আপনার নিকট প্রেরণ করা হয়। যার সন্তোষজনক কোন জবাব কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য কোন প্রমানক দাখিল করেননি।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। ১ম কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি। পরবর্তীতে আপনাকে অত্র দপ্তর স্মারক স্মারক নং-৫১২(৪), তারিখ-০৩/০৪/২০২৩ খ্রি. মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ (অভিযোগ বিবরণী) প্রদান করা হয়। তার কোন জবাব কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য কোন প্রমানক দাখিল করেননি।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। আপনাকে ১ম ও ২য় কারণ দর্শানোর নোটিশ (অভিযোগ বিবরণী) প্রদান করা হলেও আপনি আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য কোন প্রকার প্রমানক দাখিল না করায় অত্র দপ্তর স্মারক নং-৭৬৮(৪), তারিখ-১১/০৬/২০২৩ খ্রি. মোতাবেক ৩য় কারণ দর্শানোর নোটিশ (অভিযোগ বিবরণী) প্রদান করা হয়। কিন্তু তার কোন জবাব কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য প্রমানক দাখিল করেননি।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। উল্লিখিত অভিযোগনামার ১ম, ২য় ও ৩য় কারণ দর্শানোর নোটিশ (অভিযোগ বিবরণী) এর কোন প্রকার জবাব কিংবা আত্মপক্ষ সমর্থনের জন্য নির্ভরযোগ্য প্রমানক দাখিল করেননি। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তর স্মারক নং-৯৩৩(৪), তারিখ-১৯/০৭/২০২৩ খ্রি. মোতাবেক আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের সত্যতা যাচায়ের জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করার জন্য পত্রজারী করা হয়। সে মোতাবেক তদন্ত কমিটি আপনাকে তদন্তের দিন ধার্য করে স্বশরীরে আপনার কর্মস্থল, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর দপ্তরে তদন্ত কমিটির সম্মুখে উপস্থিত থাকার জন্য পত্র প্রেরন নিশ্চিত করেন এবং যথারীতি ধার্যকৃত ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় তদন্ত কার্যক্রম শুরু করেন। আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখ তদন্তের দিন কর্মস্থলে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করেন কিন্তু তদন্ত কমিটির নিকট উপস্থিত না হয়ে কমিটির অগোচরে কর্মস্থল ত্যাগ করে চলে যান। তদন্ত কমিটি আপনাকে অনেক খোঁজাখুজি করে কর্মস্থলের আশেপাশে কোথাও না পেয়ে তাৎক্ষনিক ভাবে আপনার মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করেও আপনাকে পাননি। এমতাবস্থায় যথানিয়মে তদন্ত কার্য সমাপ্ত করেন এবং আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮/৩ (খ), (গ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সুপারিশ করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু আপনি জনাব মোঃ অলিউর রহমান, ক্যাশিয়ার, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর। উপরিল্লিখিত অভিযোগের কোন প্রকার জবাব দাখিল না করার কারণে অত্র দপ্তর স্মারক নং-১০৯০(৫), তারিখ: ১২/০৯/২০২৪ খ্রি. মোতাবেক কেন আপনাকে সরকারি চাকরি হতে অপসারণ করা হবে না ? তার সন্তোষজনক জবাব ব্যাখ্যাসহ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য নির্দেশসহ আত্মপক্ষ সমর্থনের জন্য সুযোগ প্রদান করে পত্রজারি করা হয়। তৎপ্রেক্ষিতে আপনি উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর দপ্তর স্মারক নং-১৫৫৯, তারিখ: ২৪/০৯/২০২৪ খ্রি. মূলে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের যে জবাব পত্র দাখিল করেছেন তা মোটেও সন্তোষজনক নয়।

যেহেতু আপনি অভিযুক্ত কর্মচারী হয়ে উল্লিখিত কারণ দর্শানোর নোটিশের কোন প্রকার সন্তোষজনক জবাব প্রদান করেননি কিংবা ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের আগ্রহ প্রকাশ করেননি।

যেহেতু আপনি ইতোপূর্বে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী দোষী সাব্যস্ত হয়ে ০৭/০৭/২০১৯ খ্রি. তারিখ চাকরি হতে বরখাস্ত হন।

সেহেতু আপনার বিগত ২৫/১১/২০২১ খ্রি. তারিখ হতে অদ্যবধি চাকরিকাল পর্যালোচনা করে এবং তদন্ত প্রতিবেদন সাপেক্ষে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ এর (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি-৪ এর উপবিধি ৩ এর (গ) অনুযায়ী অত্র পত্র জারির তারিখ থেকে সরকারি "চাকরি হতে অপসারণ" করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

০৩/১০/২০২৪

(মোঃ ওবায়দুর রহমান মন্ডল)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর
ই-মেইল ঃ adaerang@gmail.com।

০৩/১০/২০২৪

প্রাপক
জনাব মোঃ অলিউর রহমান
ক্যাশিয়ার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর।

স্থায়ী ঠিকানা ঃ
মোঃ অলিউর রহমান
পিতা- মোঃ আঃ ওয়াহেদ
গ্রাম- মথরপাড়া, পোঃ-উল্যা সোনাতলা
উপজেলা-সাঘাটা, জেলা-গাইবান্ধা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
দৃষ্টি আকর্ষণ ঃ উপপরিচালক (লিগ্যাল ও সার্পোট সার্ভিসেস), প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫। পত্রখানা ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২. উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি,ফার্মগেট, ঢাকা।
৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর।
৪. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।